

## শ্রীশ্রীহরি সঙ্গীত

### ১৬৮ নং তাল-গড়খেমটা

মন ভ্রমরা যারে উড়ে শ্রীগুরুর পাদপদ্ম বনে ।

ও তুই ডুবে রইলি ঐহিক সুখে, বিষভরা কাননে ॥

১। শ্রীগুরুর পাদপদ্ম বনে ফুলে মধু ভরা,

মনের সুখে পান করিছে রসিক ভ্রমর যারা ।

পেয়ে প্রেমামৃত অবিরত পান করে আনন্দ মনে ॥

২। সেই কাননে কতো অলি গলি বসে,

গান করে সেই প্রেমের মধু মনের হরিষে ।

তুই সেথায় যাবি, প্রাণ জুড়াবি ভ্রমরের রব শুনে ॥

৩। বিষয় কানন ছেড়ে যেদিন, প্রেম কাননে,

অপরূপ রূপের ছবি দেখতে পাবি, দেখবিরে দুই নয়নে ।

ও তোর হৃদয় হবে শ্রীবৃন্দাবন, প্রাপ্ত হবি পরম ধনে ॥

৪। মহানন্দ ডেকে বলে আমার কথা শোন,

মিছে কেন ঘুরিস্ ফিরিস্ এ বন ও সে বন ।

অশ্বিনীর মন হয়ে চেতন, উড়ে চলনারে প্রেম কাননে ॥

### ১৬৯ নং তাল-একতালা

হারে যে দেশে মোর মনের মানুষ সেই না দেশে যাব ।

আমি সেই মানুষের সঙ্গ নিয়ে আমার ত্রিতাপ জ্বালা জুড়াবে ॥

১। পরের দেশে পরের ঘরে, সুখ হলো না বসত করে,

ঘুচল না অভাব ।

দুরন্ত কৃতান্তের দেশে আমি কি সুখে বসবর করিব ॥